দৈনিক সংবাদ

তারিখ 14 JAN 1989
পৃষ্ঠা ৫ কলাম ৭

২৭

## চট্টগ্রাম সরকারী কলেজের হিন্দু হোস্টেল সমস্যা

বাংলাদেশের নামকরা কলেজগুলোর মধ্যে একটি হচ্ছে চট্টগ্রাম কলেজ। কয়েক বৎসর আগে পুরাতন হিন্দু হোস্টেল বসবাসের অযোগ্য হওয়াতে রেড বিল্ডিং-এর তিনতলায় সংখ্যালঘু ছাত্রদের স্থানান্তর করা হয়। কর্তৃপক্ষের উদাসীনতায় এই হোস্টেলের ছাত্রদের অবস্থা করুণ। এখানে ছাত্রদের নিজেদের রান্না করে খেতে হয়। অন্যান্য হোস্টেলের ডাইনিং-এ গেষ্ট হিসেবেও তাদের বেশী দিন খেতে দেওয়া হয় না। ছেলেরা ঘুম থেকে উঠে রান্নার কাজে লেগে যায়। তারপর ক্লাস করে আবার বিকেলে রান্নার কাজ করে। এ কারণে তাদের লেখাপড়া হয় বিঘ্নিত, এখানে প্রায় ৩০ জনের মত ছাত্র রয়েছে এদের জন্য নীচে একমাত্র পানির ট্যাপ রয়েছে যাতে সব সময় পানি থাকে না এবং বর্তমানে অকেজো। একমাত্র বাথরুম তাও নীচে এবং সেটিতেও সব সময় পানি থাকে না। রান্নার জন্য তাদের তিন তলায় বালতি করে পানি নিতে হয়। এসব কারণে হিন্দু হোস্টেলে অবস্থানরত ছাত্রদের পড়ালেখার বিঘ্ন ঘটছে। নতুন করে হোস্টেল তৈরী করার কোন লক্ষণ দেখা যাচ্ছে না।

আমরা একটি ভাল হোস্টেলের ব্যবস্থা চাই।

অপু দাস,
চট্টগ্রাম কলেজ।